

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
সাভার, ঢাকা
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
www.shniyd.gov.bd

স্মারক নং-৩৪.০৬.২৬৭২.০০০.১১.১০৭.২১-২৩৮

তারিখ: ০৫ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
২০ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

নিয়োগ পত্র


যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ২৭/০৭/২০২২ তারিখের ৩৪.০০.০০০০.০৫১.১১.০৭৪.২১-১৩৩৬ নং স্মারক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের জনবল নিয়োগ কমিটির সুপারিশ এবং ১২/১১/২০২৩ তারিখে নির্বাহী কাউন্সিল এর ৬ষ্ঠ সভায় অনুমোদনক্রমে “স্টোর কিপার” পদে অপেক্ষমান তালিকার ১নং ক্রমিক অনুযায়ী নিম্নবর্ণিত প্রার্থীকে জাতীয় বেতনস্কেল ২০১৫-এর বেতনক্রম এবং প্রচলিত বিধি-বিধান অনুযায়ী যাবতীয় ভাতাদিসহ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ছকে বর্ণিত পদ ও স্কেলে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিয়োগ প্রদান করা হলো।

ক্রমিক নং	প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম	স্থায়ী ঠিকানা	পদের নাম	বেতনস্কেল ও গ্রেড
১.	জনাব মোঃ শহীদুল ইসলাম পিতা: আব্দুল সালাম মোল্যা মাতা: রিজিয়া বেগম	গ্রাম: বারাংকুলা ডাকঘর: বারাংকুলা-৭৮৭০ থানা: আলফাডাঙ্গা জেলা: ফরিদপুর।	স্টোর কিপার	৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬

শর্তাবলী:

- ১) প্রার্থীকে সিভিল সার্জনের নিকট থেকে স্বাস্থ্য পরীক্ষা (ডোপ টেস্ট বাধ্যতামূলক) করে শারীরিক সুস্থতার সনদপত্র যোগদানের সময় দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষায় কোন প্রকার বিরূপ মন্তব্য পাওয়া গেলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
- ২) পুলিশ ভেরিফিকেশন-এ কোন বিরূপ মন্তব্য পাওয়া গেলে নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।
- ৩) প্রার্থীকে “যৌতুক নিবেন না এবং যৌতুক দিবেন না” মর্মে অঙ্গীকারনামা প্রদান করতে হবে।
- ৪) এই পদে যোগদানের তারিখ হতে পরবর্তী ০২(দুই) বৎসর শিক্ষানবিশকাল হিসেবে গণ্য হবে।
- ৫) শিক্ষানবিশকালে তার আচরণ ও কার্যাবলি সন্তোষজনক বিবেচিত না হলে কোন কারণ দর্শানো ব্যতীত চাকরি হতে অপসারণ করা হবে।
- ৬) চাকরির জ্যেষ্ঠতা প্রবিধান মোতাবেক নির্ধারিত হবে।
- ৭) এ পদের জন্য যাবতীয় প্রশিক্ষণ, বিভাগীয় পরীক্ষা ইত্যাদি (যদি থাকে) সম্পন্ন হওয়ার পর এবং শিক্ষানবিশকাল কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক প্রতীয়মান হলে ০২(দুই) বৎসর পর চাকরি স্থায়ী করা হবে।
- ৮) এ আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তার চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে। এছাড়া সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ দ্বারা তার চাকরি নিয়মিত হবে।
- ৯) বর্তমানে কোন সরকারি বা বেসরকারি দপ্তরে কর্মরত থাকলে যোগদানের সময় সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অবমুক্তিপত্র/ছাড়পত্রের কপি দাখিল করতে হবে।
- ১০) নিয়োগকৃত প্রার্থীকে ১৫/১২/২০২৩ তারিখের মধ্যে যোগদান করতে হবে। উক্ত তারিখের মধ্যে যোগদান করতে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

- ১১) শিক্ষানবিশকালে চাকরি হতে ইস্তফা প্রদানের প্রয়োজন হলে ০১(এক) মাস পূর্বে কর্তৃপক্ষের নিকট আবেদন করতে হবে। তার ইস্তফা কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে তিনি চাকরি থেকে অনুপস্থিত থাকলে তার বিরুদ্ধে বিধি-বিধান অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ১২) এ চাকরিতে যোগদানের জন্য তাকে কোন প্রকার ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রদান করা হবে না।



(কামরুন নাহার)

উপপরিচালক (প্রশাসন ও অর্থ)

ও

সদস্য সচিব

৩য় ও ৪র্থ শ্রেণি নিয়োগ কমিটি।

স্মারক নং-৩৪.০৬.২৬৭২.০০০.১১.১০৭.২১-

তারিখ: ০৫ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
২০ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। কম্পিউটার অপারেটর, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার (নিয়োগপত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৬। জনাব জনাব মোঃ শহীদুল ইসলাম, গ্রাম: বারাংকুলা, ডাকঘর: বারাংকুলা-৭৮৭০, থানা: আলফাডাঙ্গা, জেলা: ফরিদপুর।



(কামরুন নাহার)

উপপরিচালক (প্রশাসন ও অর্থ)